

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস, পার্বতীপুর, দিনাজপুর

অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি

১৩১/ /২০২৬/সিপি/কমিটি

তারিখ-২৪ ফেব্রুয়ারি ২০২৬

১। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস, পার্বতীপুর, দিনাজপুর-এর সকল প্রাক্তন ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানের প্রাক্তন শিক্ষার্থীদের পারস্পারিক যোগাযোগ, সহযোগিতা, শিক্ষা ও সমাজকল্যাণমূলক কার্যক্রম জোরদার করার লক্ষ্যে একটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (Alumni Association) গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর মাধ্যমে ভবিষ্যতে প্রাক্তন ছাত্র-ছাত্রীদের পুনর্মিলনী অনুষ্ঠান, শিক্ষা সহায়তা কার্যক্রম, ক্যারিয়ার গাইডলাইন, সমাজসেবামূলক উদ্যোগ এবং প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি হবে। পুরাতনদের অনুকরণ ও অনুসরণে নতুন শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে।

২। উক্ত অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠনের লক্ষ্যে আগ্রহী প্রাক্তন ছাত্র-ছাত্রীদের নিকট থেকে তথ্য সংগ্রহ ও প্রাথমিক নিবন্ধনের কার্যক্রম শুরু করা হচ্ছে। আগ্রহী সকল প্রাক্তন শিক্ষার্থীদের নাম, ব্যাচ, যোগাযোগ নম্বর ও বর্তমান অবস্থান সংক্রান্ত তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

৩। অতএব, প্রতিষ্ঠানের সম্মানিত সকল প্রাক্তন ছাত্র-ছাত্রীদেরকে উক্ত উদ্যোগে সক্রিয় অংশগ্রহণের জন্য আন্তরিকভাবে আহ্বান জানানো যাচ্ছে।

৪। আবেদনের সময়সীমাঃ ১৫ মার্চ ২০২৬ পর্যন্ত।

যোগাযোগঃ

ফোন-০১৭২৩৬৪৮৪৭৮(WhatsApp Number)

ই-মেইল : rafisarkar.cpsc@gmail.com

Google form : <https://forms.gle/upQoBdGp48pms1DRA>

অফিস : ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বীর উত্তম শহীদ মাহবুব সেনানিবাস, পার্বতীপুর, দিনাজপুর



মোঃ মুনির হোসেন

লেঃ কর্নেল

অধ্যক্ষ



